

🗏 সাবা | Saba | سَبَأ

আয়াতঃ ৩৪: ২৭

া আরবি মূল আয়াত:

قُل اَرُونِىَ الَّذِينَ اَلحَقتُم بِهِ شُركآءَ كَلَّا ١٤ بَل هُوَ اللهُ العَزِيزُ الحَكِيمُ ﴿ ٢٧﴾

বল, 'তোমরা আমাকে দেখাও তো, তোমরা যাদেরকে তাঁর সাথে শরীক হিসেবে যুক্ত করেছ (তারা কোন সত্তা?) কখনো নয়, বরং তিনিই আল্লাহ, মহাপরাক্রমশালী, মহাপ্রজ্ঞাময়। — আল-বায়ান

বল- তোমরা আমাকে (তাদেরকে) দেখাও যাদেরকে তোমরা তাঁর অংশীদার জুড়ে দিয়েছ। কক্ষনো (দেখাতে পারবে) না, বরং তিনি আল্লাহ, মহাপরাক্রমশালী, মহাপ্রজ্ঞাময়। — তাইসিক্রল

বলঃ তোমরা আমাকে দেখাও তাদেরকে যাদেরকে শরীক রূপে তাঁর সাথে জুড়ে দিয়েছ। না, কখনও নয়। বস্তুতঃ আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়। — মুজিবুর রহমান

Say, "Show me those whom you have attached to Him as partners. No! Rather, He [alone] is Allah, the Exalted in Might, the Wise." — Sahih International

২৭. বলুন, তোমরা আমাকে তাদের দেখাও, যাদেরকে তোমরা শরীকরূপে তাঁর সাথে জুড়ে দিয়েছ। না, কখনো না, বরং তিনিই আল্লাহ, পরাক্রমশালী, হিকমতওয়ালা।

তাফসীরে জাকারিয়া

- (২৭) বল, 'তোমরা যাদেরকে আল্লাহর অংশী স্থির করেছ, তাদেরকে আমাকে দেখাও।' কক্ষনো না,[1] বরং আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।
 - [1] অর্থাৎ, না তাঁর কেউ সমতুল আছে আর না সমকক্ষ, বরং তিনি সকল বস্তুর উপর পরাক্রমশালী এবং তাঁর সকল কর্ম ও কথা যুক্তি ও হিকমতে পরিপূর্ণ ।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন